চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়নে ৪০ দিনের কর্মসূচি কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নে ৪০ দিনের কর্মসূচি প্রকল্প কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার সকালে ইউনিয়নের কৃষ্ণপুর বাজারের ব্রীজের মুখ হতে কান্দির মাঠ অভিমুখে নতুন রাস্তা নির্মান কাজের উদ্বোধন করা হয়। ইউনিয়নের অতিদরিদ্রদের কর্মসংস্থানের ৪০ দিনের কর্মসূচি কাজের উদ্বোধন করেন ৫নং বেগমপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ৪ নং ওয়ার্ড ইউপি সদস্য জিল্লুর রহমান (জুলমত)।

এ কাজ উদ্বোধনে সময় উপস্থিত ছিলেন গ্রাম পুলিশ আমিরুল ইসলাম সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।